# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭০

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১১. যে পরিমাণ ফসল, সোনা ও রূপায় যাকাত ওয়াজিব হয় না

بَاب مَا لَا يَجِبُ فِيهِ الصَّدَقَةُ مِنْ الْحُبُوبِ وَالْوَرِقِ وَالذَّهَبِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَيْسَ فِيمَا دُونَ خَمْسَةِ أَوْسُقٍ صَدَقَةٌ وَلَا فِيمَا دُونَ خَمْسِ أَوَاقٍ صَدَقَةٌ وَلَا فِيمَا دُونَ خَمْسِ ذَوْدٍ صَدَقَةٌ قَالَ أَبُو مُحَمَّد الْوَسْقُ سِتُّونَ صَاعًا وَالصَّاعُ مَنَوَانِ وَنِصْفٌ فِي قَوْلِ أَهْلِ الْحِجَازِ وَأَرْبَعَةُ أَمْنَاءٍ فِي قَوْلِ أَهْلِ الْعِرَاقِ

বাংলা

১৬৭০. আবূ সাঈদ আল-খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “পাঁচ ’ওয়াসাক’-এর কম পরিমাণ উ?পাদিত শস্যে, পাঁচ ’উকিয়া’-এর কম পরিমাণ মুদ্রায় এবং পাঁচের কম সংখ্যক উটে যাকাত নেই।”[1]

আবূ মুহাম্মদ বলেন: ’ওয়াসাক’ হয় ছয় সা’ এ; হিজাজবাসীদের মতে আর এক সা’ হলো আড়াই ’মানা’-তে (এক ’মানা’ দুই রতলের সমান[2])। আর ইরাকবাসীদের মতে, এক সা চার ’মানা’র সমান।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, ১৪০৫; মুসলিম, যাকাত ৯৭৯।

আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৯৭৯, ১০৩৪, ১০৭১; সহীহ ইবনু হিব্বান নং ৩২৬৮, ৩২৭৫, ৩২৭৬, ৩২৭৭; মুসনাদুল হুমাইদী নং ৭৫২ তে।

[2] ((মুহাক্কিক্বের টীকা হতে। -অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন